**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 23 May 2025** **TIME: 7:35 AM**

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের ১০৩ টি রেলষ্টেশনকে অমৃত ভারত ষ্টেশন হিসেবে নতুন রুপে গড়ে তুলে ভারতীয় রেলের বিকাশে নতুন মাত্রা প্রদান করেছেন । গতকাল নগাঁও জেলার হয়বরগাও অমৃত ষ্টেশনে উত্তর-পূর্ব সীমান্ত রেলের উদ্যোগে আয়োজন করা এক অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য একথা বলেছেন । অনুষ্ঠানে বৈদেশিক পরিক্রমা দপ্তরের প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা , মন্ত্রী কেশব মহন্ত , নাগাল্যান্ডের সাংসদ এস এস জমির , উত্তর-পূর্ব সীমান্ত রেলোয়ের মুখ্য মহাপ্রবন্ধক চেতন কুমার শ্রীবাস্তব , প্রাক্তন রেল প্রতিমন্ত্রী রাজেন গোহাই সহ বেশ কয়েকজন বিশিষ্ট ব্যাক্তি উপস্থিত ছিলেন ।

উল্লেখ্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল নগাঁও জেলার হয়বরগাও রেল ষ্টেশন সহ দেশের ১৮ টি রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলের ১০৩ টি অমৃত ষ্টেশন ভাচুয়েল ব্যবস্থার মাধ্যমে উদ্ভোধন করেন ।

---

রাজ্যের  বিদ্যালয় শিক্ষা বিভাগ প্রাথমিক ও মাধ্যমিক  শিক্ষকদের অনলাইন বদলির ক্ষেত্রে নীতি নির্দেশনা জারি করেছে । সে অনুযায়ি ২০২৪ সালে বিশেষ নিযুক্তি প্রক্রিয়ার অধীনে স্থায়ীভাবে নিযুক্তি লাভ করা শিক্ষকদের একক আন্তঃজেলা বদলির ক্ষেত্রে তাদের পূর্বের চাকুরির সময়সীমা বিবেচনা করা হবে । কর্মরত শিক্ষকদের ঠিকাভিত্তিক শিক্ষক হিসেবে সংশ্লিষ্ট জেলায় একসঙ্গে ১০ বছর চাকুরীর সময় সম্পূর্ণ করতে হবে । পারস্পরিক সমঝোতার ভিত্তিতে এই বদলির জন্য সংশ্লিষ্ট বিদ্যালয়ের পদ এবং মাধ্যম এক হতে হবে ।

---

জাতীয় খাদ্য সুরক্ষা আইনের অধীনে সব হিতাধিকারীকে কেন্দ্রীয় সরকারের সম্প্রতি গ্রহণ করা সিদ্ধান্ত অনুযায়ী তিন মাসের চাল একসংগে প্রদানের ব্যবস্থা করা হয়েছে । জুন মাসের অন্ন সেবার দিনে প্রতিটি পরিবারের রেশন কার্ডধারীকে জুন  , জলাই ও আগষ্ট মাসের খাদ্য সুরক্ষার চাল একসংগে সংগ্রহ করতে আহ্বান জানানো হয়েছে ।

---

শ্রীভূমি জেলার খাদ্য , গনবন্টন ও গ্রাহক পরিষেবা বিভাগ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে জেলায় খাদ্য সুরক্ষা যোজনার কার্ডধারীদের চলতি মে মাসের কেরোসিন বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তীতে  এই কেরোসিন কার্ড পিছু এক লিটার ১২ মিলি লিটার

করে শহর ও গ্রামাঞ্চলে গ্রাহকদের  মধ্যে বন্টন করতে নির্দেশ দেওয়া হয়েছে ।

---

রাজ্য সরকারের পূর্ত বিভাগের নির্দেশে শ্রীভূমির এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার পূর্ত বিভাগ করিমগঞ্জ নর্থ ও করিমগঞ্জ সাউথ টেরিটোরিয়াল রোড ডিভিশনের নতুন নামকরন করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে এখন থেকে সড়ক ডিভিশনের নাম এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার পূর্ত বিভাগ শ্রীভূমি নর্থ ও শ্রীভূমি সাউথ টেরিটোরিয়াল রোড ডিভিশন করা হয়েছে । এছাড়া শ্রীভূমি শহরের লক্ষী বাজার রোডে থাকা পূর্ত বিভাগের কার্য্যলয়ের নাম  অফিস অব দ্যা অ্যাসিস্টেন্ট ইক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার পূর্ত বিভাগ শ্রীভূমি নর্থ টেরিটোরিয়াল রোড সাব
ডিভিশন করা হয়েছে এবং নিলাম বাজারে থাকা পূর্ত বিভাগের কার্য্যলয়ের নাম অফিস অব দ্যা অ্যাসিস্টেন্ট ইক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার পূর্ত বিভাগ শ্রীভূমি সাউথ টেরিটোরিয়াল রোড সাবডিভিশন করা হয়েছে ।

---

সারা ভারত কৃষক সভার আসাম রাজ্য কমিটির শিক্ষা শিবির আগামীকাল ও আগামী রবিবার শিলচর আবর্ত ভবন সংলগ্ন একটি বিবাহ ভবনে অনুষ্ঠিত হবে। শিক্ষা শিবিরে কৃষক সভার কেন্দ্রীয় কমিটির সম্পাদক বিজু কৃষ্ণান, সহ-সভাপতি হান্নান মোল্লা সহ আসামের বিভিন্ন জেলা থেকে

আসা ১৩০ জন শিক্ষার্থী। শিক্ষা শিবিরে কাছাড় তথা আসামের কৃষকদের বর্তমান অবস্থা নিয়ে আলোচনা করা হবে।

---

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত পি এন বি আর সেটি কাছাড়ের উদ্যোগে মৎস্য উদ্যমি মনোভাব প্রসার প্রশিক্ষন কর্মশালা গত বুধবার শেষ হয়েছে। দশদিনের এই কর্মশালায় কাছাড় ও হাইলাকান্দি জেলার ৩১ জন প্রগতিশীল মৎস্য চাষী অংশ গ্রহন করেন। সমাপ্তি অনুষ্ঠানে মীন বিভাগের আধিকারীক বিরাজ শর্মা , আর সেটির সঞ্চালক জগৎজ্যোতি ভট্টাচার্য্য প্রমূখ উপস্থিত ছিলেন।

---